



## জামায়াতের প্রার্থীদের ‘টাকা ছড়ানো’ অভিযোগ ভিত্তিহীন: গোলাম পরওয়ার



সংগৃহীত ছবি

নির্বাচনকে ঘিরে জামায়াতের প্রার্থীদের বিরুদ্ধে ‘টাকা ছড়ানোর’ অভিযোগ উড়িয়ে দিয়েছেন দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি দাবি করেন, এসব অভিযোগের কোনো প্রমাণ নেই এবং নেতৃত্বে পরিবর্তন এসেছে সাংগঠনিক কারণে, অনিয়মের জন্য নয়।

চল্লিশে আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকেই জাতীয় নির্বাচনের প্রস্তুতি শুরু করে বাংলাদেশ জামায়াতে ইসলামী। গত ডিসেম্বরেই দলটি ৩০০ আসনের প্রার্থিতার প্রাথমিক তালিকা চূড়ান্ত করে। নির্বাচনের আগে ভোটারদের কাছে প্রভাব বিস্তারের লক্ষ্যে তারা বিভিন্ন সেবামূলক ও সামাজিক কার্যক্রম পরিচালনা করছে। সেই কৌশলের অংশ হিসেবেই সম্প্রতি ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনে জয় পেয়েছে জামায়াতের ছাত্র সংগঠন ইসলামী ছাত্র শিবির। এখন জাতীয় নির্বাচনে নিজেদের অবস্থান আরও সুদৃঢ় করতে তৎপর দলটি।

তবে সম্প্রতি জামায়াতের কিছু প্রার্থীর বিরুদ্ধে ভোটারদের প্রলুব্ধ করতে টাকা ছড়ানোর অভিযোগ উঠেছে। এ বিষয়ে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার অভিযোগগুলো সম্পূর্ণ ভিত্তিহীন বলে দাবি করেন। তার ভাষায়, “একটাও প্রমাণ নেই। টাকা ছড়াবে কেন? এগুলো অহেতুক কথা। যেমন বলা হয়, ১৬ জন ভিসি জামায়াতের, অথচ নাম দিতে বলে কেউ দিতে পারে না।”

এরইমধ্যে অনিয়মের অভিযোগে চট্টগ্রাম মহানগর আমির শাজাহান চৌধুরীসহ কয়েকজন নেতাকে সরানো হয়েছে বলে জানা গেলেও, পরওয়ার বলেন এটি সাংগঠনিক প্রয়োজনেই করা হয়েছে, অভিযোগের কারণে নয়।

তিনি আরও বলেন, “গণমাধ্যমে যা বলা হচ্ছে তা সঠিক নয়। কেন্দ্রের সাংগঠনিক প্রয়োজনেই নতুন ভারপ্রাপ্ত আমির নিয়োগ দেওয়া হয়েছে। মানুষ ক্রটিমুক্ত নয়, তবে জামায়াত কখনও শৃঙ্খলা ভঙ্গকারীদের ছাড় দেয় না। জানা মাত্রই ব্যবস্থা নেওয়া হয়।”

মিয়া গোলাম পরওয়ারের দাবি, জামায়াত এখন সাংগঠনিক শৃঙ্খলা ও গণভিত্তি শক্তিশালী করার দিকেই মনোযোগ দিচ্ছে, নয় কোনো বেআইনি কার্যক্রমে।